

## বংশলতিকা

রামনারায়ণ

কৃষ্ণজীবন

বিষ্ণুরাম


ব্রজরাম

রামকান্ত

লোকনাথ

ভোলানাথ

কালীনাথ



## জীবন-পঞ্জি

১৮৮৭

সুকুমারের জন্ম (৩০ অক্টোবর, ১৩ কার্তিক ১২৯৪)।

১৮৯২

শান্তিলতার জন্ম (১৪ জ্যৈষ্ঠ, ১২৯৯)। সুকুমার সম্ভবত এই বছরই ব্রাহ্ম বালিকা শিক্ষালয়-এ ভর্তি হন।

১৮৯৫

'U. Ray-Artist' নামে উপেন্দ্রকিশোর ব্যবসা শুরু করেন। এই বছরই উপেন্দ্রকিশোর ৩৫১ শিবনারায়ণ দাস লেনের ভাড়াবাড়িতে চলে আসেন।

১৮৯৬

সুকুমারের সাহিত্য-চর্চার প্রথম ফসল 'নদী' কবিতা প্রকাশিত হয় 'মুকুল' পত্রিকায় (২য় ভাগ সংখ্যা ২, জ্যৈষ্ঠ ১৩০৩ বঙ্গাব্দ)।

১৮৯৮

কলকাতার প্লেগের প্রকোপ; উপেন্দ্রকিশোর সপরিবারে মসূয়ায় (জুন)।

১৯০০-১৯০১

প্রবেশিকা পরীক্ষায় পাস করে, এফ এ পড়বার জন্য ভর্তি হন সিটি কলেজে। Students' Weekly Service বা ছাত্রসমাজের সঙ্গে যুক্ত হন এ বছর।

১৯০৪

এফ. এ. পরীক্ষায় উত্তীর্ণ হয়ে রসায়ন ও পদার্থবিদ্যায় অনার্স নিয়ে প্রেসিডেন্সি কলেজে ভর্তি হন। উপেন্দ্রকিশোর সপরিবারে দার্জিলিং বেড়াতে যান।  
বিলেতের *Boys Own Paper* পত্রিকায় আয়োজিত ফটো তোলা প্রতিযোগিতায় তৃতীয় পুরস্কার পান সুকুমার ('All Ages' গ্রুপের 'Pets'  
বা 'পোষা জীবজন্তুর ছবি' বিভাগে)।

১৯০৫

উপেন্দ্রকিশোরের সপরিবারে পুরী ভ্রমণ।

১৯০৬

মোটামুটি এই সময় ননসেন্স ক্লাবে সূচনা।

১৯০৭

ডবল অনার্স নিয়ে (রসায়ন ও পদার্থবিদ্যা) প্রেসিডেন্সি কলেজ থেকে বি. এস-সি পাশ।

১৯১০

সুকুমারের উদ্যোগে 'ব্রাহ্ম যুব সমিতি' গঠিত ও এই সমিতির মুখপত্র *আলোক* পত্রিকা প্রকাশিত হয়।

১৯১১

বোম্বে থেকে বিলেত পাড়ি (৭ অক্টোবর)। লন্ডনে পৌঁছন ২৩ অক্টোবর। ২৫ অক্টোবর ভর্তি হন L. C. C. School of Photoengraving & Lithography-তে।

১৯১২

ম্যাঞ্চেস্টারের মিউনিসিপ্যাল স্কুল অব টেকনোলজিতে ভর্তি হলেন (অক্টোবর)।

১৯১৩

সুকুমার ম্যাঞ্চেস্টার থেকে লন্ডনে ফিরে এলেন (মে)।

সুকুমার রবীন্দ্রনাথ ও কালীমোহন ঘোষের সঙ্গে লিভারপুল থেকে ১৩ সেপ্টেম্বর জাহাজে চেপে কলকাতায় ফিরে আসেন ২৯ সেপ্টেম্বর।  
জগচ্ছন্দ্র দাশের কন্যা সুপ্রভাকে বিবাহ (১৩ ডিসেম্বর)।

১৯১৪

সাধারণ ব্রাহ্মসমাজের অন্যতম সহকারী সম্পাদক হিসেবে নির্বাচিত।

১৯১৫

১০০ নম্বর গড়পার রোডে বাড়ি করে চলে এলেন উপেন্দ্রকিশোর (ডিসেম্বর ১৯১৪ অথবা জানুয়ারি ১৯১৫-র কোন একসময়ে)।  
মান্ডে ক্লাবের সূচনা (২১ আগস্ট)। উপেন্দ্রকিশোরের মৃত্যু (২০ ডিসেম্বর)।

১৯১৬

*সন্দেশ* পত্রিকার দায়িত্ব গ্রহণ (মাঘ, ১৩২৪ সংখ্যা থেকে)।

১৯২১

ময়মনসিংহে সম্পত্তি-সংক্রান্ত প্রয়োজনে গিয়ে কালাজুরে আক্রান্ত হলেন সুকুমার (মাঘ)। পুত্র সত্যজিতের জন্ম (২১ মে)।

১৯২২

বালক-বালিকাদের জন্য লেখা ব্রাহ্মসমাজের ইতিহাস *অতীতের কথা* মাঘোৎসব উপলক্ষে পুস্তিকাকারে বিতরিত।

১৯২৩

মৃত্যু : ১০ সেপ্টেম্বর, সকাল ৮-১৫ মিনিট। এর আট দিন বাদেই *আবোল তাবোল* প্রকাশিত হয় (১৯ সেপ্টেম্বর)

